

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
[ আইন-১ অধিশাখা ]  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.০৯০.২০১০-২ ০৬০

তারিখ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ  
০৭ জুন ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-২৬৮২/২০১০ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৩৪৩/২০১২ এর ২২.৫.২০১৮ তারিখের আদেশ সংক্রান্ত।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ এর ২৭.৫.২০১৮ তারিখের রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৯ এর কতিপয় ধারাকে চ্যালেঞ্জ করে দায়েরকৃত রীট পিটিশন নং-২৬৮২/২০১০ এ গত ১৩.১১.২০১২ তারিখে সরকারের বিপক্ষে রায় ঘোষিত হয়। রায় বাস্তবায়ন না করায় মামলার বাদী কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৩৪৩/২০১২ দায়ের করা হয়। কনটেম্পট পিটিশন নং-৩৪৩/২০১২ এ প্রধান প্রকৌশলী, এলজিইডিকে প্রতিপক্ষ করা হয়েছে। পরবর্তীতে ৩ এপ্রিল, ২০১৮ আদেশে কনটেম্পট পিটিশন সংশোধন পূর্বক স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিবকে ৭ নং বিবাদী হিসেবে পক্ষভুক্ত করা হয়েছে। উক্ত কনটেম্পট পিটিশনে হাইকোর্ট বিভাগ বিগত ৮.৫.২০১২ ইং তারিখের আদেশ বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, রীট পিটিশন নং-২৬৮২/২০১০ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৩৪৩/২০১২ এর ২২.৫.২০১৮ তারিখের কনটেম্পট পিটিশনের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ কনটেম্পট পিটিশনের কপি -----ফর্দ।

  
( মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী )  
উপসচিব  
☎ ৯৫৪০৯৯৫  
E mail: dslaw1.lgd.gov@gmail.com

বিতরণঃ

১. প্রধান প্রকৌশলী  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
আগারগাঁও, ঢাকা।
২. ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া  
বিজ্ঞ প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. কম্পিউটার প্রোগ্রামার (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি।